

তারিখ: ২৩.০১.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারিখ বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলায় উদ্ভ্যক্তের প্রতিবাদ করায় বখাটে ও তার সহযোগীদের দ্বারা কলেজছাত্রী ও তার পরিবারের লোকজনদের পিটিয়ে গুরুতর আহত করা এবং মামলা করায় হাসপাতালে চুকে পুণরায় নির্যাতনের শিকার ছাত্রীকে পিটানোর ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থাগ্রহণসহ নির্যাতনের শিকার ছাত্রী ও তার পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২২.০১.২০১৭ তারিখ দৈনিক যুগান্তর পত্রিকায় “ ভাঙ্গায় হাসপাতালে চুকে সেই ছাত্রীকে পেটাল বখাটেরা ” শিরোনামে প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলায় উদ্ভ্যক্তের প্রতিবাদ করায় বখাটে ও তার সহযোগীদের দ্বারা কলেজছাত্রী ও তার পরিবারের লোকজনদের পিটিয়ে গুরুতর আহত করা এবং মামলা করায় হাসপাতালে চুকে পুণরায় নির্যাতনের শিকার ছাত্রীকে পিটানোর ঘটনা ঘটেছে। জানা যায়, নির্যাতনের শিকার ছাত্রী ভাঙ্গা কেএম কলেজে অধ্যয়নরত। উক্ত ছাত্রীকে উল্লিখিত বখাটে এসকেন্দর আলী দীর্ঘদিন ধরে প্রেমের প্রস্তাব দিয়ে উদ্ভ্যক্ত করে আসছিল। নির্যাতনের শিকার ছাত্রীর পরিবার বখাটেকে বাধা দিলে গত ২১.০১.২০১৭ তারিখ বখাটেরা নির্যাতনের শিকার ছাত্রী ও তার পরিবারের উপর হামলা চালিয়ে উক্ত ছাত্রীর পরিবারের ৬জনকে আহত করে। এঘটনায় নির্যাতনের শিকার পরিবার ভাঙ্গা থানায় মামলা করলে বখাটের হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় নির্যাতনের শিকার ছাত্রীকে মারধোর করে পালিয়ে যায়।

বাংলাদেশ মহিলা পরিষদ উদ্ভ্যক্তের প্রতিবাদ করায় বখাটে ও তার সহযোগীদের দ্বারা কলেজছাত্রী ও তার পরিবারের লোকজনদের পিটিয়ে গুরুতর আহত করা এবং মামলা করায় হাসপাতালে চুকে পুণরায় নির্যাতনের শিকার ছাত্রীকে পিটানোর ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছে। নির্যাতনের শিকার ছাত্রীর ও তার পরিবারের সদস্যদের সুচিকিৎসা ও নিরাপত্তা নিশ্চিতকরণের অনুরোধ জানাচ্ছে। সেই সাথে যৌননিপীড়ন ও উদ্ভ্যক্তকরণের ঘটনা প্রতিরোধে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের আলোকে পৃথক আইন প্রণয়নসহ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ